

## শ্রীশ্রীহরি সঙ্গীত

৩

হীরক উজ্জ্বল, দস্ত সুনির্মল, খগপতি জিনি নাসা হেরী ॥

৬। ভকত চকোর, সুধাপানে বিভোর, হরিচাঁদরূপ নেহরী ॥

গোলক পুলক, হৃদয় এলাক, হরিচণ্ডারূপ হৃদে ধরি ॥

৭। হীরামন মন করিলে মোহন, রামরূপ ধারণ করি ॥

সপিয়া জীবন, ত্যাজিয়া ভবন, বীর-করণ-রস বিহারী ॥

৮। হরি প্রেমসিদ্ধু, পিয়ে তারকচন্দ্র ছল ছল নয়ন বারি ॥

পিয়ে মকরন্দ, প্রেমে মহানন্দ, ঘরে ঘরে প্রেম বিতারি ॥

৯। ভকত রঞ্জন, বিপদ ভঞ্জন, তমঃসন্দ নাশকারী ॥

দীন হীন অশ্বিনী, দিবস রজনী, হরিচাঁদ প্রেম ভিখারী ॥

## প্রভাতী

### ৩ নং তাল-ঠুংরী

প্রাণমতি শুকসারী, পোহাল শব্দরী, শ্রীহরি মঙ্গল গাওহে ॥

শ্রীহরি মঙ্গল গাওহে, প্রেমানন্দে মাতিয়া রওহে ॥

১। হৃদি নিধুবনে, শান্তিমায়ের সনে, শ্রীহরিচাঁদকে জাগাওহে ॥

যুগল মিলন করি, যুগল নয়ন ভরি, হরিরূপ রসে ডুবে রওহে ॥

২। নিশি হ'ল ভোর রসনা ভ্রমর, গুণ্ গুণ্ স্বরে গুণ্ গাওহে ॥

হরিপদ পঙ্কজে, সতত থাক মজে, হরি পদরঞ্জে গড়ি দাওহে ॥

৩। হরিরূপ আলোকে, মনের পুলকে, নিরানন্দ উলুকে তাড়াওহে ॥

হইয়া চৈতন্য, এদেহ কর ধন্য, সাধুসঙ্গ বাতাস লাগাওহে ॥

৪। নিশি প্রভাত সময়ে, প্রেমানন্দ হৃদয়, পুলকে পুর্ণিত হওহে ॥

অলস ত্যাজিয়া, হরিপদে মজিয়া, হরিচাঁদ প্রভাতী গাওহে ॥